# খেয়াল-খুশি

পার্থসারথি গায়েন

**প্রভা প্রকাশনী**

প্রকাশক ও পুস্তক বিক্রেতা

১কে, রাধানাথ মল্লিক লেন, কলকাতা-১২

# সূচীপত্র


- মা ৯
- সমাজ সেবক ১১
- সংসার ১২
- সুলুক সন্ধান ১৩
- জ্ঞাতি শত্রু ১৪
- জীবন নীতি ১৬
- দায় দায়িত্ব ১৭
- নিন্দুক ১৯
- বুনো ওল বাঘা তেঁতুল ২০
- ভয় জয় ২২
- সুখ কান্না ২৩
- মাতব্বরি ২৪
- শ্রমজীবী-পরজীবী ২৬
- ওপর তলার বন্ধুত্ব ২৮
- মিটিংমাহাত্ম্য ৩০
- মধুকর ৩১
- তথ্য চিত্র ৩২
- সমঝোতা ৩৪
- নগরায়ন ৩৫
- তাবিজ রহস্য ৩৬
- রাম ও রসুল ৩৭
- মোসাহেব তন্ত্র ৩৯
- খেতাব রহস্য ৪১
- কৃতী ছেলে ৪২
- মহাজন যেন পন্থা ৪৩
- হুজুগে ৪৪
- গুরুর বিধান ৪৫
- লালাময় ৪৬

- বাঁদুরে যন্ত্র ৪৭
- নকল নবিশ ৪৯
- জীবন ৫১
- বড়কুটুম ৫৩
- বদ্যির কেরামতি ৫৬
- কালা চাঁদ ৫৮
- মাখম ভালবাসা ৫৯
- কুমিরের কান্না ৬০
- রূপ মঞ্জুরী ৬২
- পুরুষের প্রেম ৬৪
- পণ্ডিত মশাই ৬৬
- বহুরূপী ৬৭
- পর্দ্দার আড়ালে ৬৮
- একাষেঁড়ে ৭০
- কর্ম্ম সূত্রে গাধা ৭১
- ভাগের সূত্র ৭২
- সাক্ষী নইলে সত্য বেআইনী ৭৪
- প্রেম পরিণতি ৭৭
- রাজ কর্ম্মী ৭৮
- আত্মপর ৯৯

# মা



মা মানে কি আঁতুড় আঁধার
ঘুমউপসি নারী?
মা মানে কি স্নেহের শঙ্কা
অস্থির পায়চারি?
মা মানে কি স্বজন হারা
থুখেড়ে এক বুড়ি?
মা মানে কি মলিন বসন
পথের ভাঙা নুড়ি?
মা মানে কি ভাগের গঙ্গা
অবহেলায় শ্রান্ত?
মা মানে কি মরণ-মুখী
জীবনযুদ্ধে ক্লান্ত?
মা মানে কি বৃদ্ধাশ্রম,
বনবাসে রাখা?
মা মানে কি স্বজন হারা
শিরদাঁড়াটি বাঁকা?

মা মানে কি ময়লা কাঁথা
রোঁয়া ওঠা বালিশ?
মা মানে কি বাতের ব্যথা
গাজী বাবার মালিশ?
মা মানে কি বন্ধ দুয়ার
রোগ জীবাণু ভরা?
মা মানে কি বিধবা ভোগ
মালসা খুরি সরা?

মা মানে তো ফুলের হাসি
সৌরভে ভরপুর
মা মানে তো শীতের ওম্
টান্‌টান্ রোদ্দুর।
মা মানে তো দখিন বাতাস
মিষ্টি মধুর হাওয়া
মা মানে তো বোশেখ রোদে
সবুজ বটের ছায়া।
মা মানে তো চাঁদের আলো
জ্যোৎস্না পাগলপারা
মা মানে তো খুশির গঙ্গা
হাসি বাঁধন হারা।
মা মানে তো রামধনু রঙ
আলোর বন্যাধারা
মা মানে তো মরুর বুকে
পান্থপাদপ চারা।
মা মানে তো সকল ভয়ের
পূর্ণ অবসান
মা মানে তো বিশ্ব পিতার
শ্রেষ্ঠ অবদান।
মা মানে তো সুর লোকে
সুখ সাগরে ভাসা
মা মানে তো অমৃত যোগ
সকল বিঘ্ন নাশা।

# সমাজ সেবক



আমি ভাই টিকটিকি         করি টিক্ টিক্
ভুল হলে মাথা নেড়ে         বলি 'ধিক্ ধিক্।'
ঠিক হলে ঘাড় তুলে         বলে দিই ঠিক্
চুপ করে শুয়ে থাকি         চোখ চারি দিক্।
ঘরে ঘরে ঘুরি ফিরি         সব কিছু জানা
কার ছেলে ভুল বকে         কেবা রাত কানা।
কেবা বসে তাস খেলে         অফিসের চেয়ারে
কার টাকা সুদে খাটে         কার খাটে শেয়ারে।
কার বউ ঘুম গোড়ে         কার খুব হিংসে
কার বর মেনী মুখো         উজবুক্ মিনসে।
কোন্ নেতা বারে গিয়ে         মদখায় ঢক্ ঢক্
কার ফ্রিজে আরশোলা         গন্ধটা টক্ টক্।
কারা করে ফিস্‌ফিস্         সমাজের আড়ালে
সব কিছু জানা যাবে         চোখ দুটি বাড়ালে।

কাজ আমি করি নাকো         পাছে হয় ভুল
কাজ করে হাঁদা ভোঁদা         কাজ করে স্থূল।
আমি আছি তাই সবে         করে ঠিক্ ঠিক্
ভয় আছে, পাছে যদি         করি টিক্ টিক্।

# সংসার



কী হয়েছে? মাথা ধরেছে!
ঘরে অশান্তি? নিত্য ভোগান্তি!
বিষয়টা কী? হি জি বি জি!
চাকরি করে? হরে হরে!
মেজাজ হারায়? নিত্য জ্বালায়!
দেখে শুনে? কপাল গুণে!
কিবা চায়? হায় হায়!
সন্ধি হয়? প্রায় নয়!

কী প্রতিকার? বন বিহার!!

# সুলুক সন্ধান

বড়লোক কীসে হয়—
        সে খবর রাখ কি?
তুক্ তাক্ জানা আছে?
        নাকি শুধু চালাকি!
বড় লোকের টাঁক কেন
        বোঝ কিছু তত্ত্ব?
টাঁকের নিচে নেচে বেড়ায়
        শ্রমিকের রক্ত?
মাথার ঘাম পায়ে ফেলে
        হাড় ভাঙা খাটুনি?
ছেঁদো কথা রাখো দেখি
        গেয়ো না তো কাঁদুনি।

ধীরে ধীরে বড় লোক?
        ঝক্কির এক শেষ!
মাঝ পথে থেমে যায়
        ছিঃ ছিঃ করে সারাদেশ!
ভুত-রাজ দিলে বর
        নেই কোন চিন্তা
নইলে গরীব মারতে হবে
        তেরে কেটে ধিন্‌তা।



# জ্ঞাতি শত্রু



দুই জ্ঞাতিতে নিত্য বিবাদ
ভীষণ রেষারেষি,
এদের ছেলে করলে ব্যায়াম
ওরা ফোলায় পেশী।
এরা করলে দশ হাত দুর্গা
ওদের কালী বিশ
এদের বাড়ি পোলাও হলে
ওদের চিলি ফিশ।
হাসনু হানার গন্ধে যদি
এদের উঠান ভরে
ওদের বকুল সকাল সাঁঝে
আপনি আপনি ঝরে।
এরা যদি ছোটায় ঘোড়া
ওরা ওড়ায় পায়রা
এদের বাড়ি ভিয়েন হলে
ওদের আসে ময়রা।

খবর দিলে মোসাহেব
সেদিন সাঁঝে এসে
জজ হয়েছে ওদের 'মোদো'
বিচার করবে কেসে।

এদের বুড়ো মুখ ভেংচে
বলল, খবর বানানো,
গ্রামের ছেলে জজ হয়েছে,
শুনেছে কেউ কক্ষনো?
'খবর সত্যি? রাখো রাখো
চাকরি হওয়াই সার
দেখো তুমি—পাবে না মাইনে
মুখটি হবে ভার।'
'মাইনে পেলো? পাক্‌গে ছাই
বিচার কি আর দেবে?
গ্রামের 'মোদো' করলে বিচার
আইন কানুন থাকবে?'
'করছে বিচার? ঘোর কলিকাল
মরবে ব্যাটা মরবে
সামনে শীতে কিংবা গ্রীষ্মে
শক্ত ব্যামোয় ধরবে!!'



# জীবন নীতি

সমুখ পানে এগিয়ে চল্
দেখবি প্রাণের উৎস স্থল।
পড়লে না হয় পড়েই যাবি
মিছে কেন ভাবাভাবি।
উঠতে গেলে পড়তে হবে
না পড়ে কে উঠেছে কবে?
পিছন ফিরে তাকাস যদি
দেখবি চোখে অথৈ নদী।
দোলাচলে ভুগলে পরে
সোনার হরিণ মিলবে না রে!
অনেক কিছু পেতে হলে
ছাড় না কিছু খেলাচ্ছলে।
শুধুই যদি চাস রে পেতে
ডুববে তরী মাঝ নদীতে।

